U1

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 FEB 1997...
পৃষ্ঠা ১ কলাম ...



*গতকাল লালমাটিয়া গার্লস কলেজের বিক্ষুব্ধ ছাত্রীরা এইচ এসসি পরীক্ষার ফরম পূরণের দাবীতে একাডেমিক ভবন ভাংচুর ও বিক্ষোভ প্রদর্শন করে —ইত্তেফাক*

# টেষ্ট পরীক্ষায় অকৃতকার্য ছাত্রীদের ফরম পূরণের দাবীতে বিক্ষোভ ॥ ভাংচুর ॥ লালমাটিয়া গার্লস কলেজ বন্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (রবিবার) রাজধানীর লালমাটিয়া মহিলা কলেজে এইচ,এস,সি পরীক্ষার ফরম পূরণ করাকে কেন্দ্র করিয়া বিক্ষুব্ধ ছাত্রীরা কলেজে দ্বিতীয় দিনের মত ব্যাপক ভাংচুর ও হাঙ্গামা করে। উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ আগামী ১৪ই ফেব্রুয়ারী পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করিয়াছে। ছাত্রীদের দাবীর মুখে কর্তৃপক্ষ টেষ্ট পরীক্ষার কৃতকার্য এবং অকৃতকার্য সকল পরীক্ষার্থীকে ১৫ই ফেব্রুয়ারী হইতে এইচ-এসসি পরীক্ষার ফরম পূরণের সুযোগদানের কথা ঘোষণা করিয়াছে

জানা গিয়াছে, কলেজের উচ্চ মাধ্যমিক দ্বিতীয় বর্ষের ছাত্রীদের

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## লালমাটিয়া গার্লস কলেজ

(১ম পৃঃ পর)

টেষ্ট পরীক্ষায় যাহারা কৃতকার্য হয় নাই, কলেজ কর্তৃপক্ষ তাহাদের এইচ, এস, সি পরীক্ষার জন্য রেজিষ্ট্রেশন ফরম পূরণের সুযোগ না দেওয়ার সিদ্ধান্ত নেয়।

অকৃতকার্যে পরীক্ষার্থীরা কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানায়। উহার পর কয়েকজন অকৃতকার্য ছাত্রীকে ফরম পুরণের সুযোগ দিলেও অধিকাংশকে সুযোগ দেওয়া হয় নাই। অকৃতকার্য এক ছাত্রী বলিয়াছে, কর্তৃপক্ষ অর্থের বিনিময়ে এবং অসৎ উদ্দেশ্যে কয়েকজনকে এই সুযোগ দিয়াছে।

অকৃতকার্য পরীক্ষার্থীরা ফরম পূরণের দাবীতে গতকাল দ্বিতীয় দিনের মত কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করিতে থাকিলে কৃতকার্য পরীক্ষার্থীদেরও ফরম পূরণে বিঘ্ন ঘটে। ফলে কৃতকার্য ছাত্রীরাও অকৃতকার্য ছাত্রীদের সহিত মিলিয়া বিভিন্ন শ্রেণীকক্ষ, পরীক্ষাগার ও সেমিনার কক্ষের কাঁচ লাঠি-সোঁটা দিয়া ও ঢিল ছুঁড়িয়া ভাংচুর করে। তাহারা শ্রেণীকক্ষের টেবিল-চেয়ার তছনছ করে।

ছাত্রীরা অভিযোগ করে যে, টেষ্ট পরীক্ষার ফল বিপর্যয়ের জন্য শিক্ষকরা দায়ী। ছাত্রীরা নয়। জানা যায়, লালমাটিয়া কলেজের টেষ্ট পরীক্ষায় প্রায় ২ হাজার ছাত্রী অংশ নিয়াছিল। তবে কৃতকার্য হয় মাত্র ৩ শত। অন্য সকলেই অকৃতকার্য।